গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস' পালনের জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল ফলো-আপ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনিছুর রহমান<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৭-০৭-২০২১ |
| সভার সময় | ০৪:৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভিডিও সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আগামী ১৫ আগস্ট ২০২১ রবিবার 'জাতীয় শোক দিবস' পালন উপলক্ষ্য গৃহীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা করতে অনুরোধ করেন। তদপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (প্র) যুগ্মসচিব (প্র)কে উপস্থাপনার অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) ১৭ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মসূচির সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১লা আগস্ট হতে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ভবনসমূহে ড্রপডাউন ব্যানার ব্যবহারের বিষয়টি অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। সিনিয়র সচিব এ বিষয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেন। অতঃপর যুগ্মসচিব (প্রশাসন) গত ১৭ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপন করেন। তিনি অবহিত করেন যে, ইতঃমধ্যে এ বিভাগের অধীন সংস্থাসমূহ কর্মসুচি গ্রহণ করে অবহিত করছে।

২। ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে গৃহীত নিম্নবর্ণিত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির ওপর সভায় বিস্তারিত আলোচনা হয়:

| ক্রম | কর্মসূচি | অগ্রগতি ও আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানির অফিসসমূহে ১৫ আগস্ট ২০২১ তারিখে সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে; দপ্তর/সংস্থা/কোম্পানির অফিস/স্থাপনায় সামন্জস্যপূর্ণ ব্যানার-ফেস্টুন টানাতে হবে; আলোচনা সভার জন্য ভার্চুয়াল ব্যানার প্রস্তুত এবং ব্যবহার করতে হবে। | ১৫ই আগস্ট ২০২১ সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে দপ্তর/সংস্থা/কোম্পানি-কে নির্দেশনা প্রদান করা হয়েছে। সামঞ্জস্যপূর্ণ ব্যানার-ফেস্টুন প্রস্তুত ও ব্যবহারের নির্দেশনাও প্রদান করা হয়েছে। | এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি। |

| | | | |
|---|---|---|---|
| খ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১লা আগস্ট হতে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহার করতে হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১লা আগস্ট হতে এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ভবনসমূহে ড্রপডাউন ব্যানার ব্যবহারের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| গ | আগস্ট' ২০২১ পুরো মাসে কালো ব্যাজ ধারণ করা। | আগস্ট'২০২১ মাসে কালো ব্যাজ ধারণের জন্য এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী কালো ব্যাজ ধারণ করবে। ভার্চুয়াল সভাসমূহে কালো ব্যাজ ধারণের বিষয়ে সিনিয়র সচিব অভিমত ব্যক্ত করেন। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি। |
| ঘ | এ বিভাগের সকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে ১৫ই আগস্ট 'জাতীয় শোক দিবস' যথাযথ মর্যাদায় পালনের জন্য নির্দেশনা প্রদান করা। | ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনের জন্য এ বিভাগ হতে পত্রের মাধ্যমে অধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি। |
| ঙ | গঠিত কমিটি কর্তৃক একটি ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা। আলোচনা সভা শেষে ভার্চুয়াল মোনাজাতের আয়োজন করা। | ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে গত ২৫-০৭-২০২১ তারিখে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি নির্ধারণ, প্রবন্ধ রচনা, স্বাগত ভাষণ, আলোচক নির্ধারণ, আমন্ত্রণপত্র প্রস্তুত, আলোচনা সভা শেষে মোনাজাত বিষয়ে আলোচনা হয়। সিনিয়র সচিব জানান, মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা বিদেশে অবস্থান করলেও সামঞ্জস্যপূর্ণ সময়ে আলোচনা সভা অনুষ্ঠিত হলে তাঁকে প্রধান অতিথি করা যেতে পারে। প্রধান অতিথির বিষয়টি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারণ করার বিষয়ে আলোচনা হয়। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে স্থায়ী কমিটির মাননীয় সভাপতিকে আমন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। আলোচনা সভা আগামী ১৭-১৮ তারিখের মধ্যে হতে পারে মর্মে সিনিয়র সচিব অভিমত ব্যক্ত করেন। | ভার্চুয়াল আলোচনা সভা আয়োজন সংক্রান্ত কমিটি। |
| চ | জাতীয় শোক দিবস পালন বাস্তবায়নের জন্য গঠিত কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করবে। | জাতীয় শোক দিবস পালনের জন্য এ বিভাগ হতে গঠিত বাস্তবায়ন কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ করে গৃহীত কার্যক্রমসমূহের সমন্বয় করছে। | জাতীয় শোক দিবস পালন বাস্তবায়ন কমিটি। |
| ছ | ১৫ আগষ্ট রবিবার বাদ যোহর যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে জামে মসজিদ আছে সে সকল জামে মসজিদে স্বাস্থ্যবিধি মেনে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করবে। | ১৫ই আগষ্ট রবিবার যেসকল দপ্তর/সংস্থা/কোম্পানির জামে মসজিদে আছে সেসকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে স্বাস্থ্যবিধি মেনে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি। |

| | | | |
|---|---|---|---|
| জ | ১৫ই আগস্ট জিটিসিএল-এ অবস্থিত জাতির পিতার ম্যুরালে সীমিত উপস্থিতিতে পুস্পস্তবক অর্পণ করতে হবে। বিষয়টি করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে করতে হবে। | করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে ১৫ই আগস্ট জিটিসিএল-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করা হবে। সার্বিক প্রস্তুতি সম্পন্নের জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানি। |
| ঝ | ঢাকার বাইরের কোম্পানিসমূহ/কোম্পানির স্থানীয় অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি পালন করবে। | ঢাকার বাইরের কোম্পানিসমূহ/কোম্পানির স্থানীয় অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সংগতি রেখে স্ব স্ব কর্মসূচি পালন করবে। এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | আওতাধীন কোম্পানিসমূহ (ঢাকার বাইরের) |

৩। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ১৫ই আগস্ট ২০২১ সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার-ফেস্টুন ব্যবহার করতে হবে;

খ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী ড্রপডাউন ব্যানার প্রস্তুত করতঃ আগামী ১লা আগস্ট হতে ড্রপডাউন ব্যানার ব্যবহার করতে হবে;

গ) আগস্ট' ২০২১ মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করতে হবে। ভার্চুয়াল সভাসমূহেও কালো ব্যাজ ধারণ করতে হবে;

ঘ) ভার্চুয়াল আলোচনা সভা আগামী ১৭ অথবা ১৮ আগস্ট ২০২১ তারিখে আয়োজন করতে হবে;

ঙ) সামঞ্জস্যপূর্ণ সময়ে আলোচনা সভা অনুষ্ঠিত হলে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিষয়টি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করতে হবে;

চ) আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে স্থায়ী কমিটির মাননীয় সভাপতিকে আমন্ত্রণ জানাতে হবে;

ছ) আলোচনা সভায় সিনিয়র সচিব সভাপতিত্ব করবেন;

জ) আমন্ত্রণপত্র অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর নামে করতে হবে;

ঝ) আলোচনা সভায় চেয়ারম্যান, পেট্রোবাংলা স্বাগত বক্তব্য রাখবেন। চেয়ারম্যান, বিপিসি প্রবন্ধ উপস্থাপন করবেন;

ঞ) ভার্চুয়াল মোনাজাতের জন্য বায়তুল মোকাররমের পেশ ইমাম মুফতি মিজানুর রহমানকে অবহিত রাখতে হবে;

ট) বাস্তবায়ন কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ করে গৃহীত কার্যক্রমসমূহের সমন্বয় করবে;

ঠ) ১৫ই আগষ্ট রবিবার যেসকল দপ্তর/সংস্থা/কোম্পানির জামে মসজিদে আছে সেসকল দপ্তর/সংস্থা/কোম্পানিকে স্বাস্থ্যবিধি মেনে দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাত আয়োজন করবে;

ড) করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে ১৫ই আগস্ট জিটিসিএল-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুস্পস্তবক অর্পণ করা হবে;

ঢ) ঢাকার বাইরের কোম্পানিসমূহ/কোম্পানির স্থানীয় অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সংগতি রেখে স্ব স্ব কর্মসূচি পালন করবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আনিছুর রহমান
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.২৩.০৯৮.১৮.১৫৬৭ তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৮

২৮ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান (সরকারের সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৫) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৬) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর (Blue Economy সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

১০) সচিব, সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

১১) পরিচালক, কার্যক্রম ও পরিকল্পনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১২) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

১৩) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)

১৪) সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

১৫) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়্(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)

১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭) ব্যবস্থাপনা পরিচালক (সকল)

১৮) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৯) সচিব, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এইচ. এম. খালিদ ইফতেখার

উপসচিব